

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ২০৪৬

পর্ব-৭: সওম (রোযা) (১ ত্রান্)

পরিচ্ছেদঃ ৬. প্রথম অনুচ্ছেদ - নফল সিয়াম প্রসঙ্গে

بَابُ صِيَامِ التَّطَوُّعِ

আরবী

وَعَنْ مُعَاذَةَ الْعَدَوِيَّةِ أَنَّهَا سَأَلَتْ عَائِشَةَ: أَكَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَصُومُ مِنْ كُلِّ شَهْرٍ ثَلَاثَةَ أَيَّامٍ؟ قَالَتْ: نَعَمْ فَقُلْتُ لَهَا: مِنْ أَيِّ أَيَّامِ الشَّهْرِ كَانَ يَصُومُ؟ قَالَتْ: لَمْ يَكُنْ يُبَالِي مِنْ أَيِّ أَيَّامِ الشَّهْرِ يَصُومٍ. رَوَاهُ مُسلم

বাংলা

২০৪৬-[১১] মু'আযাহ্ 'আদাবিয়াহ্ (রহঃ) হতে বর্ণিত। তিনি উম্মূল মু'মিনীন 'আয়িশাহ্ (রাঃ)-কে জিজ্ঞেস করেছিলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম কি প্রতি মাসে তিনটি করে (নফল সওম) রাখতেন? তিনি বললেন, হ্যাঁ। তারপর আবার আমি তাঁকে জিজ্ঞেস করলাম, মাসের কোন্ দিনগুলোতে তিনি (সাল্লাল্লাভ্ আলাইহি ওয়াসাল্লাম) সওম রাখতেন? তিনি বললেন, মাসের বিশেষ কোন দিনের সওমের প্রতি লক্ষ্য করতেন না। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : মুসলিম ১১৬০, আবূ দাউদ ২৪৫০, সুনানুল কুবরা লিল বায়হাক্কী ৮৪৪৮, ইবনু মাজাহ ২৫১২৭, সহীহ ইবনু হিব্বান ৩৬৫৭, সহীহ ইবনু খুযায়মাহ্ ২১৩০।

ব্যাখ্যা

ব্যাখ্যা: ইবনু 'আব্বাস (রাঃ) কর্তৃক বর্ণিত হাদীসে রয়েছে যে, নিশ্চয়ই নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আইয়্যামে বীজ-এর সিয়াম সফরে কিংবা মুকীম অবস্থায় কখনও পরিত্যাগ করতেন না। আর হাফসা (রাঃ) বর্ণিত হাদীসে রয়েছে যে, নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম প্রতি মাসে তিনদিন সিয়াম পালন করতেন। যথাক্রমে সোমবার বৃহস্পতিবার এবং পরবর্তী সপ্তাহের সোমবার। 'আয়িশাহ্ (রাঃ) বর্ণিত হাদীসে শনি, রবি ও সোমবারের কথাও রয়েছে। এ মর্মে 'আল্লামা আসকালানী (রহঃ) বলেন, যে ব্যাপারে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর



নির্দেশ, উৎসাহ ও ওয়াসিয়্যাত প্রকাশ পায় তা অন্যের তুলনায় উত্তম।

অতএব ব্যস্ততায় যা ছেড়ে দিয়েছেন, কিংবা তা বৈধতা বর্ণনা করার জন্য করেছেন, প্রত্যেকটি নিজ নিজ অবস্থানে উত্তম, তবে আইয়্যামে বীজ-এর সিয়াম অগ্রগণ্য হবে। তা মাসের মধ্যবর্তী 'ইবাদাত হওয়ায়।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন